গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবাল সংযোগ সড়ক, ঢাকা।
(আইসিটি শাখা)
www.molwa.gov.bd

স্মারক নং: ৪৮.০০.০০০০.০০৯.০২২.১৩.২০১৫-৪৬ তারিখ: ০৭/০৯/২০১৬

বিষয়ঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রম সমম্বয় সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : শেখ মিজানুর রহমান, অতিরিক্ত-সচিব (প্রশাসন)
সভার তারিখ : ০৫/০৯/২০১৬
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ
উপস্থিতি : সংলগ্নী 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৫ অনুযায়ী এ মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১ তথ্য ও প্রযুক্তি নীতিমালা ২০১৫ এর আলোকে এ মন্ত্রণালয় ও দপ্তর/ সংস্থার করণীয় কর্ম পরিকল্পনা সমূহ এর আলোকে গৃহীত কার্যক্রম সম্পর্কে ডিজিটাল টাস্কফোর্স ২য় সভার কার্যবিবরণী আলোচনা।	১.১)আইসিটি নীতিমালা ২০১৫ এর আলোকে এ মন্ত্রণালয় এবং অধীনস্ত দপ্তর/সংস্থার গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়ন করাসহ গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল/ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.সংশ্লিষ্ট শাখা প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
	১.২)ডিজিটাল টাস্কফোর্স ২য় সভার ১০.১ সিদ্ধান্ত অনুসারে মানব সম্পদ উন্নয়ন কর্মপরিকল্পনার রোডম্যাপ প্রণয়নপূর্বক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল/ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.সংশ্লিষ্ট শাখা প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
	১.৩)১০.৬ সিদ্ধান্ত অনুসারে নারী কর্মকর্তাসহ সকল কর্মচারীদের আইটি বিষয়ে প্রশিক্ষণ কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তা বাস্তবায়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল/ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.সংশ্লিষ্ট শাখা প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
	১.৪)১৩.১ সিদ্ধান্ত অনুযায়ী এবং মন্ত্রণালয়/সংস্থার আইসিটি সংক্রান্ত প্রকল্প গ্রহনের নিমিত্তে PECএর সভায় ICT বিভাগের প্রতিনিধি উপস্থিতি নিশ্চিতকরণের বিষয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.উপ-সচিব (উন্নয়ন) ও উপ-প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২. ওয়েবসাইট ডিজিটাল টাস্কফোর্স ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী সরকারি সকল সংস্থার ওয়েবসাইট যথাযথ ভাবে বাংলা ও ইংরেজীতে তথ্য সন্নিবেশিত করে নিয়মিত হালনাগাদ নিশ্চিত করতে হবে এবং বাংলা ভাষার প্রমিত মান বজায় রাখতে হবে।	২.১) দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে সকল কর্মকর্তাকে মন্ত্রণালয়ের ওয়েবসাইট, দাপ্তরিক ইমেইল ঠিকানা ব্যবহার নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ জানানো হয় এবং নিয়মিতভাবে স্ব স্ব ই-মেইল চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল/ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর সকল কর্মকর্তা
	২.২) এ মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদসহ যে কোন অফিস আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন, ফটোগ্যালারী , উন্নয়ন প্রকল্প, প্রতিবেদন , খবর (ইউনিকোডে) আইসিটি সেলে প্রেরণ অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সংশ্লিষ্ট সকল শাখার প্রধান ও ২. উপ-প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
	২.৩) বাংলা ভাষায় প্রমিত মান বজায় রাখার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হয়	১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল/ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর সকল কর্মকর্তা

৩.ইউনিকোড ব্যবহার নিশ্চিতকরণ	সেপ্টেম্বর, ২০১৬ এর মধ্যে সকল শাখা/সংস্থা কে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইউনিকোড ব্যবহার না করলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভা থেকে সুপারিশ করা হবে।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.সংশ্লিষ্ট শাখা প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪. সকল তথ্য এক্সেলে সংরক্ষণ	ডিসেম্বর,২০১৬ এর মধ্যে শাখা/সংস্থার নিধারিত ছকে ইস্যু রেজিষ্টার এবং এন্ট্রি রেজিষ্টার -এ সকল চিঠিপত্র এন্ট্রি প্রদান কাজ আরম্ভ করতে হবে।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.সংশ্লিষ্ট শাখা প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৫. ই-ফাইলিং কার্যক্রম চালু করণ	ই-ফাইলিং কার্যক্রম চালুকরণের নিমিত্তে A2I এর প্রজেক্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে এ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও পর্যায়ক্রমে ডিসেম্বর, ১৬ এর মধ্যে প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২.উপ-সচিব (প্রশিক্ষণ), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৬. তথ্য বাতায়নে (ওয়েব সাইটে) বিভিন্ন কমিটি, বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা, ফোকাল পয়েন্ট ও অন্যান্য তথ্য নিয়মিত তথ্যাদি নিয়মিত হালনাগাদ	মন্ত্রণালয়সহ অধিনস্ত দপ্তর/সংস্থার বিভিন্ন কমিটি, ফোকাল পয়েন্ট-এর নাম ও যোগাযোগের ঠিকানাসহ অন্যান্য তথ্যাদি, বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক প্রতিবেদন প্রভৃতি তথ্য বাতায়নে নিয়মিত ভাবে হালনাগাদ করতে হবে।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২. যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ৩. উপ-সচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৭. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আইসিটি শাখায় দপ্তরিক সকল প্রকার যোগাযোগ ইলেক্ট্রনিক পদ্ধতিতে সম্পন্ন করণ।	৭.১: আইসিটি শাখা সেপ্টেম্বর, ২০১৬ হতে সকল প্রকার যোগাযোগ ইলেক্ট্রনিক পদ্ধতিতে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। ৭.২: অধিনস্ত দপ্তর/সংস্থার যেকোন একটি শাখার সকল পত্র যোগাযোগ ইলেক্ট্রনিক পদ্ধতিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২. যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ৩. সকল কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৮. ইলেক্ট্রনিক ক্রয় পদ্ধতি চালু করণ ও সকল উন্মুক্ত দরপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি অনলাইনে ক্রয়ের ব্যবস্থা করা।	৮.১: মন্ত্রণালয়সহ অধিনস্থ দপ্তর/সংস্থার সকল প্রকার ক্রয়ে ইলেক্ট্রনিক ক্রয় পদ্ধতি চালু করার জন্য উন্মুক্ত দরপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি তথ্য বাতায়নে প্রকাশ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৮.২: e-GP-তে রেজিষ্ট্রেশণের জন্য মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থাকে CPTU- এর সাথে যোগাযোগ করতে হবে।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২. উপ-সচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

৯. তথ্য বাতায়ন নিয়মিত, হালনাগাদ করা।	৯.১: বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নির্দেশনা মতে মাসের ১ম সপ্তাহে তথ্য বাতায়ন হালনাগাদ করণ নিশ্চিত করতে হবে।	১.জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল / মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ২. যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

এ সভায় অন্য কোন আলোচনা না থাকায় সাভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৭.০৯.২০১৬

শেখ মিজানুর রহমান
অতিরিক্ত-সচিব (প্রশাসন)
ও
সভাপতি
আইসিটি বিষয়ক সমন্বয় কমিটি।
ই-মেইলঃ mizan61@gmail.com.

অনুলিপিঃ

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার(৫ম তলা) আগারগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন,কাকরাইল, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব(প্রশাসন/উন্নয়ন) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা।
৫। মহাব্যবস্থাপক, মুক্তিযুদ্ধ যাদুঘর, সেগুনবাগিচা, ঢাকা।
৬। যুগ্ম-সচিব (আইসিটি/প্রত্যয়ন, সনদ ও গেজেট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপ-সচিব (প্রশাসন/প্রত্যয়ন ও সনদ/ উন্নয়ন /আইন/গেজেট/হিসাব/ইতিহাস সংরক্ষণ প্রকাশ ও গবেষণা) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ- প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়, ঢাকা।
৯। সিনিয়র সাহকারী সচিব (প্রত্যয়ন/সনদ), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী সচিব, (উন্নয়ন/প্রত্যয়ন/প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। সহকারী প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।